

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
বোয়ালমারী, ফরিদপুর।

[www.dss.boalmari.faridpur.gov.bd](http://www.dss.boalmari.faridpur.gov.bd)

স্মারক নম্বর- ৮১.০১.২৯১৮.০০০.১৬.০০১.২৩. ১১৫

তারিখ: ২১/০৮/২০২৩ খ্রি।

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থ বছরে বর্ধিত কোটার বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্রঃ ৮১.০১.০০০০.০০০.২৭.০০৮.২২.৬৪০

তারিখঃ ১০/০৭/২০২৩ খ্রি।

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনে আবেদন শুরু হয়েছে, চলবে ১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রি। সংশ্লিষ্ট ইউনিয়ন ডিজিটাল সেন্টার কিংবা যে কোন কম্পিউটারের দোকান এমনকি যে কোন স্মার্ট ফোন হতে <https://mis.bhata.gov.bd/online application> এই লিংকে প্রবেশ করে ভাতার জন্য আবেদন করা যাবে। উল্লেখ্য, যারা ইতোমধ্যে ভাতা পাচ্ছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

#### আবেদন করতে যা প্রয়োজনঃ

##### বয়স্ক ভাতা:

০১. এনআইডি কার্ড (বয়স: পুরুষ-৬৫, মহিলা-৬২ বা তদুর্ব)
০২. বিকাশ হিসাব খোলা আছে এমন মোবাইল নম্বর (ইতি:পূর্বে কোন ভাতার জন্য ব্যবহৃত হয়নি এমন কিংবা নতুন নম্বর)।


##### প্রতিবন্ধী ভাতা:

০১. এনআইডি কার্ড অথবা জন্মনিবন্ধন কার্ড।
০২. উপজেলা সমাজসেবা কার্যালয়, বোয়ালমারী, ফরিদপুর হতে প্রদত্ত সুর্বোন্নাগরিক পরিচয়পত্র।
০৩. বিকাশ হিসাব খোলা আছে এমন মোবাইল নম্বর (ইতি:পূর্বে কোন ভাতার জন্য ব্যবহৃত হয়নি এমন কিংবা নতুন নম্বর)।

##### বিধবা ভাতা:

- ০১.এনআইডি কার্ড।
- ০২.স্বামীর মৃত্যু সনদ/ইউনিয়ন পরিষদ/পৌরসভা হতে স্বামী নিগৃহীতা সনদ।
- ০৩.বিকাশ হিসাব খোলা আছে এমন মোবাইল নম্বর (ইতি:পূর্বে কোন ভাতার জন্য ব্যবহৃত হয়নি এমন কিংবা নতুন নম্বর)।

উল্লেখ্য যে, সমাজসেবা অধিদফতর হতে প্রদত্ত বরাদ্দ অনুযায়ী অনলাইন প্রাপ্ত আবেদনসমূহ বাস্তবায়ন মীতিমালার আলোকে সংশ্লিষ্ট বাস্তবায়ন কর্মটি কর্তৃক চূড়ান্ত অনমোদিত তালিকায় উপকারভোগীদের প্রয়োজনীয় তথ্য mis এ প্রতিবেদন এবং এন্ট্রিকৃত ডাটার ভেলিডেশন করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীদের ০১জুলাই ২০২৩ খ্রি তারিখ হতে ভাতা প্রাপ্ত হবেন।

  
(কারিমুল ইসলাম)

উপজেলা সমাজসেবা অফিসার  
বোয়ালমারী, ফরিদপুর।

প্রাপক,

মেয়ার,  
বোয়ালমারী, পৌরসভা, বোয়ালমারী, ফরিদপুর।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর।
০২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
০৩. উপজেলা নির্বাচী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।
০৪. উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর।
০৫. উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর।
০৬. অফিস কপি।